

## ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪

অন-লাইন থেকে ডাউনলোডকৃত মনোনয়ন পত্র জমাদানের জন্য নির্দেশনাবলীঃ

- ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচনে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণকে নির্বাচন কমিশনের ওয়েব সাইটে [www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd) প্রবেশ করে বামপাশে ম্যানুবারে অনলাইনে মনোনয়নপত্র দাখিল লিংকে প্রবেশ করে মনোনয়ন পত্র দাখিল করতে হবে। মনোনয়ন পত্র দাখিলের পূর্বেই সকল প্রয়োজনীয় দলিলাদি পিডিএফ আকারে আলাদা আলাদা ফাইল করে সংরক্ষণ করে নিতে হবে।
- প্রার্থীকে মনোনয়নপত্রের সাথে বাধ্যতামূলকভাবে ছবি ছাড়া ভোটার তালিকার সিডি ক্রয়ের মূল্য বাবদ পৌরসভার প্রতিটি সাধারণ ওয়ার্ড ও প্রতিটি ইউনিয়নের জন্য ৫০০/- টাকা হারে **অটোমেটেড চালান (এ-চালান)/**মাধ্যমে অর্থ জমা দিতে হবে (অফেরৎ যোগ্য)। ভোটার তালিকার সিডি ক্রয়ের জন্য চালানের কোড নম্বর **১০৬০১০১১০০১২৫-১৪২৩২৫৩**। **[সিডি ক্রয় বাবদ টাকা অটোমেটেড চালান (এ-চালান) সিস্টেমের মাধ্যমে জমা প্রদান করতে হবে।]**

উপজেলার নাম	পৌরসভার ওয়ার্ড সংখ্যা	ইউনিয়নের সংখ্যা	ভোটার তালিকার সিডির মূল্য	মোট টাকা
মহম্মদপুর	-	০৮	৫০০X৮	৪০০০/-
শালিখা	-	০৭	৫০০X৭	৩৫০০/-

- জামানতের টাকা জমাদানের প্রমাণস্বরূপ **অটোমেটেড চালান (এ-চালান)/** এর মূলকপি জমা দিতে হবে। জামানতের পরিমাণ চেয়ারম্যান পদে **১০০,০০০/- (এক লক্ষ)** টাকা এবং ভাইস চেয়ারম্যান পদে **৭৫০০০/-** (পচাত্তর হাজার টাকা)। জামানতের টাকা জমা প্রদানের কোড নম্বর **১০৯০৩০২১০১৪৪৩-৮১১৩৫০১\*** **[জামানতের টাকা অটোমেটেড চালান (এ-চালান)/অন লাইনে লিংকের সিস্টেমের মাধ্যমে জমা প্রদান করতে হবে।]**
- প্রার্থী আয়কর সংক্রান্ত ১২ ডিজিটের টিআইএন সনদের কপি, সম্পদ বিবরণী সম্বলিত সর্বশেষ আয়কর রিটার্নের অবিকল প্রত্যাখিত অনুলিপি (১০ বি) এবং সর্বশেষ আয়কর পরিশোধের প্রমাণ পত্র জমা দিতে হবে।
- দলীয় প্রার্থীদের ক্ষেত্রে দলীয় মনোনয়ন এর মূল কপি মনোনয়নপত্রের সাথে জমা দিতে হবে।
- নির্বাচনী ব্যয় নির্বাহের জন্য অর্থ প্রাপ্তির সম্ভাব্য উৎসের বিবরণী (ফরম-৮) মনোনয়ন পত্রের সাথে পিডিএফ আকারে সংযুক্ত থাকতে হবে এবং মুদ্রিত কপি দাখিল করতে হবে।
- অন লাইন থেকে ডাউনলোডকৃত মনোনয়নপত্রের সাথে **৩০০/- (তিনশত) টাকার** নন জুডিসিয়াল স্ট্যাম্প প্রয়োজনীয় তথ্য সম্বলিত হলফনামা (এফিডেভিট থাকতে হবে) যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে। প্রয়োজনীয় তথ্য অন লাইনে যথাযথ ভাবে এন্ট্রি করতে হবে এবং পিডিএফ আকারে সংযুক্ত থাকতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে হলফনামায় উল্লিখিত তথ্যের সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি সংযুক্ত করতে হবে।
- প্রার্থী/প্রস্তাবকারী/সমর্থনকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং ভোটার তালিকার যে পাতায় তাদের তথ্য আছে সে পাতার ফটোকপি প্রার্থী কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে। এছাড়াও প্রার্থীর পিতা, মাতা, স্বামী/স্ত্রীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে।
- অন লাইনে মনোনয়নপত্র দাখিলের পূর্বেই নির্বাচনী ব্যয় নির্বাহের জন্য তফসিলী ব্যাংকে একটি নতুন চলতি হিসাব খুলতে হবে এবং উক্ত হিসাব নম্বরটি মনোনয়নপত্রের নির্ধারিত স্থানে লিপিবদ্ধ করতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, নির্বাচনের সমুদয় ব্যয়/খরচ এই ব্যাংক হিসাব থেকে পরিচালনা করতে হবে।
- অন-লাইন থেকে ডাউনলোডকৃত মনোনয়নপত্র মুদ্রণ করে প্রার্থী, প্রস্তাবকারী, সমর্থনকারী কর্তৃক স্বাক্ষর পূর্বক প্রয়োজনীয় দলিলাদি (হলফনামা, শিক্ষা সনদ, (ফরম-৮), জামানত হিসাবে জমাকৃত অর্থের **অটোমেটেড চালান (এ-চালান)/**, **ভোটার তালিকার সিডি ক্রয় বাবদ জমাকৃত অর্থের অটোমেটেড চালান (এ-চালান)/**, **দুই কপি রঙিন ছবি, আয়কর সংক্রান্ত দলিলাদি**) সংযুক্ত করে **A-4** সাইজের কাগজে ফটোকপি করে **০৩ (তিন) সেট** রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে **২১শে এপ্রিল ২০২৪ খ্রি.** তারিখের মধ্যে (প্রতিদিন সকাল **০৯.০০** ঘটিকা হতে অফিস চলাকালিন সময়ের মধ্যে/মনোনয়ন পত্র বাছাইকালে রিটার্নিং অফিসারের নিকট জমা দিতে হবে।
- অন লাইন থেকে ডাউনলোড কৃত মনোনয়নপত্রে **কাটাকাটি/খঁষামাজা/ ফ্লুইড** ব্যবহার করবেন না।
- নির্বাচনী ব্যয়ের সীমাঃ **অনধিক ২৫ লক্ষ টাকা।**

নির্বাচনি আচরণ বিধি মেনে চলুন, সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানে সহযোগিতা করুন।